ভোরের কাগজ

তারিখ 8 APR 2003
পৃষ্ঠা ... কলাম ...

# এসএসসি পরীক্ষায় ১০ ভুয়া পরীক্ষার্থী গ্রেপ্তার

কাগজ প্রতিবেদক : ভুয়া রেজিস্ট্রেশন কার্ড এবং প্রবেশপত্র দিয়ে একজন আরেক জনের পরীক্ষা দিচ্ছে এই গোপন সংবাদের ভিত্তিতে শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন গতকাল সোমবার হবিগঞ্জ থেকে ৭ জন এবং ময়মনসিংহ থেকে ৩ জন ভুয়া পরীক্ষার্থীকে গ্রেপ্তার করেন। তাদের রেজিস্ট্রেশন ও প্রবেশপত্র জব্দ করা হয়েছে।

ময়মনসিংহ থেকে গ্রেপ্তারকৃত পরীক্ষার্থীদের বিষয়ে তদন্তের জন্য প্রতিমন্ত্রী তাৎক্ষণিকভাবে জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছেন। অন্যদের ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জরুরি ভিত্তিতে তদন্ত করে ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। মন্ত্রী হবিগঞ্জের বাহুবল উপজেলার সদরুল হোসেন বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহের কাতলাসেন মহিলা মাদ্রাসা এবং জেলা স্কুল উচ্চ বিদ্যালয় কেন্দ্রে গোপন সংবাদের ভিত্তিতে আকস্মিক পরিদর্শনে গিয়েছিলেন।